**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**জেশপ বিল্ডিং (দ্বিতল)**
**৬৩, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১**

**নং :-৭৪২৭-আর.ডি /এন.আর.ই.জি.এ / ১৮এস-০১/০৬(পার্ট)** **তাং: ১২.১১.২০০৯**

প্রেরক: ড: মানবেন্দ্র নাথ রায়
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রাপক:
১) প্রধান সচিব, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ
২) জেলা শাসক ও জেলা প্রোগ্রাম কোঅর্ডিনেটর,
.............................................................................. (সকল জেলা)
৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ

**বিষয়: জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি প্রকল্পে কর্মস্থলে দূর্ঘটনায় মৃত্যুজনিত ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা সংক্রান্ত নির্দেশাবলী**

মহাশয়/মহাশয়া,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে এন. আর. ই. জি. এ এর কাজে কর্মরত অবস্থায় দূর্ঘটনাজনিত কারণে কোন শ্রমিকের মৃত্যু হ'লে তার পরিবারকে ২৫,০০০ টাকা ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে। এ বিষয়ে এন. আর. ই. জি. আইনের শিডিউল ২ এর ২৬ নং অনুচ্ছেদ এবং রাজ্য স্কীমের (এন. আর. ই. জি. এস্. ডব্লু. বি.) ১৪(৪) নং অনুচ্ছেদের প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করছি। সম্প্রতি কয়েকটি ক্ষেত্রে এই ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে ব্লক/গ্রাম পঞ্চায়েত স্তরে অত্যধিক বিলম্বের ঘটনা নজরে এসেছে। মৃত্যুজনিত ক্ষতিপূরণের ক্ষেত্রে বিলম্ব একেবারেই বাঞ্ছনীয় নয়। মৃতের পরিবারকে ক্ষতিপূরণ যাতে যথাসম্ভব দ্রুততার সঙ্গে দেওয়া যায় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিশেষ করে প্রোগ্রাম অফিসার ও গ্রাম পঞ্চায়েত কে তৎপর হতে হবে।

আপনার জেলায় সমস্ত প্রোগ্রাম অফিসার ও গ্রাম পঞ্চায়েত কে এ বিষয়ে উদ্যোগী হতে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার জন্য আপনাকে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

প্রধান সচিব